ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২০৩৪

আগরতলা, ০৪ ডিসেম্বর, ২০২৪

**মৎস্য দপ্তরের উদ্যোগে রক্তদান শিবির**

মৎস্য দপ্তরের উদ্যোগে কলেজটিলাস্থিত মৎস্য স্বাস্থ্য সুরক্ষা কেন্দ্রে আজ এক স্বেচ্ছা রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। রাজ্যভিত্তিক এই রক্তদান শিবিরে ৮টি জেলার বিভিন্ন মৎস্য মহকুমার ৪২ জন কর্মী স্বেচ্ছায় রক্তদান করেন। জম্পুইজলা মৎস্য মহকুমার তত্ত্বাবধায়ক অজিত দেববর্মার রক্তদানের মধ্য দিয়ে এই রক্তদান শিবিরের সূচনা করা হয়। মৎস্য দপ্তরের উপঅধিকর্তা অশোক দেববর্মা রক্তদান শিবিরের উদ্বোধনী অনুষ্ঠানে বলেন, রক্তদান এক মহৎ কাজ। স্বেচ্ছায় রক্তদান করায় তিনি সকলকে ধন্যবাদ ও অভিনন্দন জানান।

******